



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১৮.০০৩.২০.৩৫৩

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৮

০৭ মে ২০২১

বিষয়: ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন সরকারি মাহতাব উদ্দিন ডিগ্রি কলেজের শিক্ষক-কর্মচারীগণের বেতন-ভাতা উত্তোলন।

সূত্র: সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০০০.১২.০০১.২০১৮-৯৮; তারিখ: ১৩/০৪/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রস্থ পত্র মোতাবেক মামলা সংক্রান্ত তথ্যাদি বিবেচনায় নিয়ে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আইন উপদেষ্টার মতামতের ভিত্তিতে ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন সরকারি মাহতাব উদ্দিন ডিগ্রি কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের সরকারি কলেজ, শাখা- ২ হতে ০৩/০৫/২০২১খ্রি. তারিখে স্বাক্ষরিত একই তারিখ ও স্মারকের বিকল্প পত্র প্রেরণ করা হয়। পত্রে ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন সরকারি মাহতাব উদ্দিন ডিগ্রি কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের ১৩/০৪/২০২১ খ্রি. তারিখের পত্রের প্রেক্ষিতে অত্র অধিদপ্তরের আইন শাখা ও বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত নেয়া হয়।

আইন শাখার মতামত: “ঝিনাইদহ জেলার সরকারি মাহতাব উদ্দিন ডিগ্রি কলেজের শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) প্রদানের লক্ষে অত্র অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টা লিখিত মতামত প্রদান করেন। তাঁর মতামত নিম্নরূপ: বর্ণিত কলেজটি নতুন জাতীয়করন হয়েছে, কিন্তু শিক্ষক/ কর্মচারীগণ এখনো এমপিও এর আওতাভুক্ত। কলেজের অধ্যক্ষ, জনাব মো: মাহবুবুর রহমানের নামে অভিযোগ রয়েছে। তিনি কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে বরখাস্ত হয়েছেন এবং পরবর্তীতে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১০৩২/২০১৬ এর রায় ও আদেশ এবং শিক্ষা মন্ত্রণালয়ের ৩১/০৭/২০১৯ তারিখের পত্রের নির্দেশনার প্রেক্ষিতে পুনর্বহাল হয়েছেন। কিন্তু স্থানীয় প্রতিপক্ষ ও ভারপ্রাপ্ত অধ্যক্ষের কারণে কলেজে যোগদান এবং দায়িত্ব পালন করতে পারছেন না।

কলেজের সাবেক গভর্নিং বডির চেয়ারম্যান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ০৬/০৫/২০১৯ তারিখের পত্রের কার্যক্রমের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২২৬১/২০১৯ দায়ের করে এবং হাইকোর্ট


বিভাগ জাতীয় বিশ্ববিদ্যালয়কে পুনরায় বিষয়টি নিষ্পত্তি করার নির্দেশ দেন। কিন্তু এ রায় ও আদেশকে মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগ চেম্বার আদালত (আপীল নং-৯১৪/২০২০) স্থগিত করে।

পুনরায় কলেজের সাবেক গভর্নিং বডির চেয়ারম্যান গং অধিদপ্তরের ২৭/১১/২০১৯ এবং ১০/০৬/২০২০ তারিখের পত্রের কার্যক্রমের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে ভারচুয়াল কোর্ট রিট পিটিশন নং -২৩৭/২০২০ দায়ের করে এবং হাইকোর্ট বিভাগের আদেশে অধিদপ্তরের পত্রদ্বয়কে স্থগিত করা হয়। কিন্তু হাইকোর্ট বিভাগের এ আদেশ আপীল বিভাগের চেম্বার আদালত (ভারচুয়াল কোর্ট কেস নং-৮৮/২০২০) স্থগিত করে। এমতাবস্থায়, এপেক্স কোর্টের সকল সিদ্ধান্ত জনাব মো: মাহবুবুর রহমানের পক্ষে এবং তিনিই সংশ্লিষ্ট কলেজের শিক্ষক/কর্মচারীগণের বেতন ভাতা বিলে স্বাক্ষর করার অধিকারী।

শিক্ষা মন্ত্রণালয় ১৩/০৪/২০২১ তারিখের পত্রে সুপ্রীম কোর্টের সিদ্ধান্ত বিবেচনা করে বর্ণিত কলেজের শিক্ষক/কর্মচারীগণের বেতন ভাতা ছাড়করণের জন্য নির্দেশনা প্রদান করেন। উপরোক্ত অবস্থায়, বিজ্ঞ আইন উপদেষ্টার মত হলো: অধিদপ্তরের পক্ষ থেকে জনাব মো: মাহবুবুর রহমান এবং UNO কে সংশ্লিষ্ট কলেজের শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতা বিলে স্বাক্ষর করার নির্দেশ দেয়া”।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের প্রেক্ষিতে মাউশি অধিদপ্তরের আইন উপদেষ্টার উল্লিখিত মতামত এর ভিত্তিতে জনাব মো: মাহবুবুর রহমান, অধ্যক্ষ এবং উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহ কে সংশ্লিষ্ট কলেজের শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতা বিলে স্বাক্ষর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত।



৭-৫-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক কলেজ ৩

বিতরণ :

- ১) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহ
- ২) জনাব মো: মাহবুবুর রহমান, অধ্যক্ষ, সরকারি মাহতাব উদ্দিন ডিগ্রি কলেজ, কালীগঞ্জ, ঝিনাইদহ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১৮.০০৩.২০.৩৫৩/১(৩)

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৮  
০৭ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা, (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সরকারি কলেজ (শাখা- ২)
- ২) শিক্ষা অফিসার-১, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৩) ব্যবস্থাপক, রূপালী ব্যাংক লি. কালীগঞ্জ শাখা, ঝিনাইদহ

৯৫২৪

৭-৫-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক কলেজ ৩